

নভেম্বর/২১ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাংস্কৃতিক কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ১৭/১১/২০২১ খ্রি. বিকাল ১২.৩০ ঘটিকায়
সভাপতি : মো: শরিফুল ইসলাম সরকার, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
উপস্থিতি তালিকা: পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ সাংস্কৃতিক কমিটির সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ সাংস্কৃতিক কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা : শিল্পকলা একাডেমীর বর্তমান অবস্থা ও কার্যক্রম

সিদ্ধান্ত : গোবিন্দগঞ্জ উপজেলা শিল্পকলা একাডেমীর বর্তমানে যাবতীয় কার্যক্রম সন্তোষজনক। এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি


উপজেলা পরিষদ সাংস্কৃতিক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ১৭/১১/২০২১ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ।
৫. অফিস কপি।


সদস্য সচিব

উপজেলা পরিষদ সাংস্কৃতিক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।